# ২নং মদাতী ইউনিয়ন পরিষদ
## কালীগঞ্জ,লালমনিরহাট
### সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ চেয়ারম্যান
২নং মদাতী ইউনিয়ন পরিষদ
কালীগঞ্জ,লালমনিরহাট।
তারিখ ঃ ২৫/০৮/২০২২ ইং
সময় ঃ বিকাল - ৩ ঘটিকা
স্থান ঃ ইউপি কার্যালয় ।

উপস্থিত সদস্য গণের নাম ও স্বাক্ষর পরিশিষ্ট 'ক'তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সাহেবের অনুমতিক্রমে ইউপি সচিব গত সভার আলোচনাবানী পাঠ করেন। আলোচনায় কারো কোন আপত্তি না থাকায় উহা সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং নিম্নোক্ত বিষয়ে বিশদ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি |
|---|---|---|---|---|
| ১ | আইন শৃঙ্খলা,চোরাচালান প্রতিরোধ, নারী-শিশু নির্যাতন প্রতিরোধ ও শিশু পাচার প্রতিরোধ এবং যৌতুক নিরোধ কমিটির সভার কার্যবিবরণীর আলোকপাত করণ | আইন শৃঙ্খলা, চোরাচালান প্রতিরোধ, নারী-শিশু নির্যাতন প্রতিরোধ ও শিশু পাচার প্রতিরোধ এবং যৌতুক নিরোধ কমিটির সভার কার্যবিবরণীর আলোকপাত করা হয়। | আলোচনায় সিদ্ধান্ত হয় যে, যদি কোন অপ্রীতিকর ঘটনা ইউনিয়নে সংঘটিত হয়, তাহলে সাথে সাথেই সংশ্লিষ্ট সকলকে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অবহিত করতে হবে। | সংশ্লিষ্ট ইউপি সদস্য |
| ২ | স্টান্ডিং কমিটি গঠন ও কার্যাবলী কার্যক্রম সম্পর্কিত আলোচনা | স্টান্ডিং কমিটির কার্যক্রম সম্পর্কে বিষদ আলোচনা হয়। | বিশদ আলোচনান্তে প্রবিধান মালা মোতাবেক প্রতি কমিটির আহবায়ক গণ স্বস্ব কমিটির কার্যক্রম সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | স্টান্ডিং কমিটির আহবায়ক |
| ৩ | জন্ম-মৃত্যু নিবন্ধন সম্পর্কিত আলোচনা | জন্ম তারিখ ব্যতীত জন্ম নিবন্ধনের যাবতীয় তথ্য সংশোধন সম্পর্কে বিষদ আলোচনা করা হয়। | প্রয়োজনীয় প্রমাণাদি দাখিলপূর্বক জন্ম তারিখ ব্যতীত অন্যান্য তথ্যাদি সংশোধন করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপিচেয়ারম্যান, ইউপি সচিব, ইউপি সদস্য ও গ্রাম পুলিশ |
| ৪ | এলজিএসপি-৩ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সম্পর্কির্ত আলোচনা প্রসঙ্গে। | স্বচ্ছতা ও জবাবদিহিতার মাধ্যমে স্কিমের কাজ তদারকি করণ সম্পর্কে আলোচনা করা হয়। | স্কিম সমুহের কাজ প্রাক্কলন ও স্পেসিফিকেশন মোতাবেক নিবিড় তদারকির মাধ্যমে সম্পন্নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী,এলজিইডিকে অনুরোধ জানানো হলো। | সংশ্লিষ্ট সকল |
| ৫ | ইউনিয়ন পরিষদের তহবিল সংক্রান্ত | ইউনিয়ন পরিষদের তহবিলসমূহ বাড়ার বিষয়ে আলোচনা করা হয়। | বিষদ আলোচনান্তে ইউনিয়ন পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপিচেয়ারম্যান, ইউপি সচিব, ইউপি সদস্য ও গ্রাম পুলিশ |
| ৬ | ইউনিয়ন পরিষদের আয় ব্যয়ের হিসাব ও ব্যয় ভাউচারাদি অনুমোদন | ইউপি'র আয় ও ব্যয়ের হিসাব নিয়ে আলোচনা করা হয়। | আলোচনান্তে আয় ও ব্যয়ের হিসাব উপস্থাপন পূর্বক ব্যয় ভাউচারাদি অনুমোদন করা হয়। | ইউপিচেয়ারম্যান, ইউপি সচিব, ইউপি সদস্য |
| ৭ | কর, রেইট, টোল ও ফি আরোপের প্রস্তাব ও নির্ধারণ সংক্রান্ত | কর, রেইট, টোল ও ফি আরোপের প্রস্তাব ও নির্ধারণ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিষদ আলোচনান্তে ইউপি'র কর, রেইট, টোল ও ফি আরোপের প্রস্তাব ও নির্ধারণ আদর্শকর ২০১৩ মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপিচেয়ারম্যান, ইউপি সচিব, ইউপি সদস্য |
| ৮ | পরিষদের তহবিল দ্বারা উন্নয়নমূলক কাজ | পরিষদের তহবিল দ্বারা উন্নয়ন মূলক কাজ বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। | আলোচনান্তে ইউনিয়নের ক্ষতিগ্রহস্থ রাস্তাসমুহ মেরামত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপিচেয়ারম্যান, ইউপি সচিব, ইউপি সদস্য |
| ৯ | ভূমি অফিস এর কার্যক্রম | ভূমিহীনদের মাঝে সরকারী খাস জমি বন্দোবস্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়। | প্রকৃত ভূমিহীন যাচাই-বাছাইপূর্বক জমি বন্দোবস্ত দেওয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপ-সহকারী ভূমি কর্মকর্তা |
| ১০ | সমাজ সেবা বিভাগের কার্যক্রম | বয়স্ক ভাতাভোগী নির্বাচনের ক্ষেত্রে পুরুষের জন্য সর্বনিম্ন ৬৫ বছর এবং মহিলাদের সর্বনিম্ন ৬২ বছর হতে হবে। | নীতিমালার আলোকে ভাতাভোগী নির্বাচন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে হয়। | ইউনিয়ন সমাজ কর্মী |

বিবিধ কলামে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভাপতি